গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
(doulatkhan.bhola.gov.bd)

## দৌলতখান উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ-২০২৩ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : পাঠান মোঃ সাইদুজ্জামান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দৌলতখান, ভোলা । |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দৌলতখান, ভোলা। |
| তারিখ ও সময় | : ৩০/০৩/২০২৩ খ্রিস্টাব্দ। সকাল ১০:৩০ ঘটিকা। |

**সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত আছে।**

উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। বিগত আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত পাঠ করে শুনানো হলে কোনো পরিবর্তন-পরিবর্ধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভাপতি অদ্যকার সভার আলোচ্য সূচি উপস্থাপনের জন্য দৌলতখান থানার অফিসার ইনচার্জকে অনুরোধ করলে তিনি এ উপজেলার বিগত মাসের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরেন এবং এ বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়।

১. অধ্যক্ষ, দৌলতখান মহিলা কলেজ, সভায় জানান, স্থানীয় বিভিন্ন বাজারে ঘুরে দেয়া যায় কোনো বাজারেই নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টাঙানো নেই। পবিত্র মাহে রমজানে খাদ্যে ভেজালের বিষয়ে নিয়মিত বাজার মনিটরিং করার জন্য তিনি অনুরোধ করেন।

২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, পবিত্র মাহে রমজানে ইফতারিতে পোড়া তেল, কৃত্রিম রং এবং ভেজাল তেল ব্যবহারে হোটেল মালিকা/ স্থানীয় দোকানদারদের সতর্ক করার জন্য অনুরোধ করেন।

৩. অধ্যক্ষ, দৌলতখান সরকারি আবু আবদুল্লা কলেজ, সভায় জানান, পবিত্র মাহে রমজানের শুরু থেকে দৌলতখান বাজারে ইজিবাইক, ভ্যান, অটোরিকশা, কাভার্ড ভ্যান এবং মোটরসাইকেল চলাচল বৃদ্ধি পায়। দোকানের সামনে পার্কিং এর কারণে সাধারণ জনগণের চলাচলে ব্যাঘাত ঘটে। এ বিষয়ে নিয়মিত বাজার মনিটরিং করার জন্য তিনি অনুরোধ করেন।

৪. হাজীপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান, মাহে রমজানকে কেন্দ্র করে একদল ব্যবসায়ী বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকটের সৃষ্টি করতে পারে। তাই নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার স্থিতিশীল রাখার জন্য উপজেলাধীন সকল বাজারে বিশেষ করে দৌলতখান বাজারে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য তিনি অনুরোধ করেন।

৫. অফিসার ইন-চার্জ এর প্রতিনিধি সভায় জানান যে, এ মাসে থানায় ১৫টি মামলা দায়ের করা হয়েছে। যার মধ্যে ধর্ষণের চেষ্টা-১টি, নারী ও শিশু নির্যাতন-২টি, মাদক মামলা-১টি, সড়ক পরিবহন-১টি অন্যান্য মামলা ১০টি। মাদকের বিরুদ্ধে জোড়ালো পুলিশি অভিযান পরিচালনা অব্যাহত আছে। প্রত্যেক বাজারে বাজার কমিটির মাধ্যমে পাহাড়াদার বৃদ্ধি করতে হবে। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে দৌলতখান বাজারে যানজট মুক্ত রাখার জন্য বিশেষ বিশেষ পয়েন্ট এবং লঞ্চঘাট এলাকায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগ করা হবে। তিনি আরও বলেন, দৌলতখান উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশি অভিযান অব্যাহত রয়েছে।

৬. চেয়ারম্যান, ০৭ নং সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, নদীর পারে ব্লকের উপরে টাস, জুয়া সহ বিভিন্ন ধরনের অনৈতিক কাজ হয়। তিনি আরো বলেন যে, সৈয়দপুর ইউনিয়ন পরিষদের জেলেদের তুলনায় কার্ডের সংখ্যা কম। কার্ডের সংখ্যা কম থাকায় জেলেদের মাঝে চাল বিতরনের সময় সমস্যার সম্মুখিন হতে হয়।

৮. চেয়ারম্যান, ০৯ নং ভবানীপুর ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, ওয়ারিশ সনদ, জন্মনিবন্ধন সনদ এ তার স্বাক্ষর নকল করে করে বাল্য বিবাহ দেওয়া হয়েছে মর্মে তিনি জানতে পেরেছেন। তিনি আরো বলেন যে, ভবানীপুর ইউনিয়ন পরিষদের জেলেদের তুলনায় কার্ডের সংখ্যা কম। কার্ডের সংখ্যা কম থাকায় জেলেদের মাঝে চাল বিতরনের সময় সমস্যার সম্মুখিন হতে হয়।

সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**গৃহীত সিদ্ধান্তসমূহ:**

ক. দৌলতখান উপজেলাধীন সকল বাজারে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টাঙানোর সিদ্ধান্ত গৃহীত হয়;

খ. ইফতারিতে ভেজাল তেল, কৃত্রিম রং এবং পোড়া তেল ব্যবহার করলে সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;

গ. দৌলতখান বাজারে যানজট মুক্ত রাখার জন্য বিশেষ পয়েন্ট পুলিশ মোতায়েন করার সিদ্ধান্ত গৃহীত হয়;

ঘ. বাজারে কোনো ব্যবসায়ী যেন নিত্য প্রয়োজনীয় পণ্য মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে লক্ষ্যে প্রত্যেক বাজারে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে;

ঙ. পবিত্র মাহে রমজানে সকল নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম স্থিতিশীল রাখতে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে এবং উপজেলা প্রশাসনের পক্ষে থেকে সকল বাজারে মাইকিং এর ব্যবস্থা করা হবে;

চ. আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে অফিসার ইনচার্জ, দৌলতখান থানা নিয়মিত পুলিশি অভিযান অব্যাহত থাকবে;

অতঃপর সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সাংবাদিক এবং কমিটির সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০৪/২০২৩

(পাঠান মোঃ সাইদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
দৌলতখান, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.০৬.০০২.২১.২৫৩

তারিখ: ২২ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ / ০৫ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিত নয়):

১. সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় সংসদ সদস্য, ভোলা-২ ও মূখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, দৌলতখান, ভোলা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. পুলিশ সুপার, ভোলা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
৬. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।

কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৭. মেয়র, দৌলতখান পৌরসভা, দৌলতখান, ভোলা।
৮. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা ।
৯. মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
১০. উপজেলা ........................................................................................ কর্মকর্তা (সকল), দৌলতখান, ভোলা।
১১. চেয়ারম্যান, ........................................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), দৌলতখান, ভোলা।
১২. জনাব ........................................................................
১৩. গোপনীয় সহকারি, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতখান, ভোলা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৪. অফিস কপি।

০৫/০৪/২৩

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা।